

দই চাই গো, দই চাই, দই চাই গো ?
শ্যামলী আমার গাই,
তুলনা তাহার নাই ।
কঙ্কনানদীর ধারে
ভোরবেলা নিয়ে যাই তারে—
দূর্বাদলঘন মাঠে
নদীর ধারে ধারে ধারে, তারে
সারা বেলা চরাই, চরাই গো ।
দেহখানি তার চিক্ণ কালো,
যত দেখি তত লাগে ভালো ।
কাছে বসে যাই ব'কে,
উত্তর দেয় সে চোখে,
পিঠে মোর রাখি মাথা—
গায়ে তার হাত বুলাই, হাত বুলাই গো ॥

Parjaay: Chandalika, Taal: Kaharwa, Style: Iman-Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail